যে ব্যক্তি কাউকে হত্যা করবে আর তার জন্য রয়েছে তার ওপর প্রমাণ, তাহলে তার মাল-সামানাহ তার।

আবূ কাতাদা আল-আনসারী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে হুনাইনে বের হলাম। —এবং তিনি ঘটনাটি
উল্লেখ করলেন— তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে ব্যক্তি কাউকে হত্যা করবে আর তার জন্য রয়েছে তার ওপর প্রমাণ, তাহলে তার মাল-সামানাহ তার”। এটি তিনি তিনবার বলেছেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হুনাইনের দিন বলেছেন, যে ব্যক্তি কাউকে হত্যা করে এর ওপর তার জন্য রয়েছে সাক্ষী বা প্রমাণ, তাহলে তার মাল-সামানাহ তার। অর্থাৎ তার জন্যে রয়েছে নিহত ব্যক্তির মাল-সামানাহ, কাপড়, অস্ত্র এবং যে বাহনের ওপর আরোহণ করে যুদ্ধ করেছে। আর আবু কাতাদাহ এক লোককে হত্যা করল এবং তার আশপাশের লোকদের বলল, আমি এক ব্যক্তিকে হত্যা করেছি। যে ব্যক্তি বিষয়টি জানতে পারলো তাকে আমি সপথ করাবো যে, সে যেন আমার পক্ষে সাক্ষ্য দেয়। এটি তিনি তিনবার বলেছেন।

http://sunnah.global/hadeeth/bn/show/2998